

নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন - ২

শ্রেণি: দ্বাদশ

বিষয়: হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড: ২৫৪

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

১। আকাশ কোম্পানি লি. প্রতিটি ১০ টাকার মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ১,০০,০০০ খানি শেয়ার প্রতিটি ১ টাকা অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। মোট ১,৫০,০০০ শেয়ারের আবেদনের টাকা পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো। কোম্পানির অবলেখকের দস্তুরি বাবদ ৫০,০০০ টাকা ব্যয় করে।

- (ক) আকাশ কোম্পানি লি.- এর ব্যাংক উদ্বৃত্ত নির্ণয় কর। ২
(খ) আকাশ কোম্পানি লি.- এর জাবেদা দেখাও। ৪
(গ) আকাশ কোম্পানি লি.- এর আর্থিক অবস্থার বিবরণী নির্ণয় কর। ৪

২। জনী লিমিটেড এর তুলনামূলক উদ্বৃত্তপত্র ও অন্যান্য অধ্যাবলি নিম্নে দেওয়া হলো:

জনী লিমিটেড এর
তুলনামূলক উদ্বৃত্তপত্র, ৩১ ডিসেম্বর

| বিবরণ | ২০১৯ (টাকা) | ২০১৮ (টাকা) |
|----------------------------|-------------|-------------|
| সম্পত্তিসমূহ: | | |
| নগদ | ৪,১০০ | ৪,৫০০ |
| প্রাপ্য হিসাব | ৪,৭৫০ | ৫,২০০ |
| মজুদ পন্য | ১০,৬৪৫ | ৯,২০০ |
| অগ্রিম খরচ | ১,৬৭৮ | ২,১০০ |
| ভূমি | ১০,০০০ | ১৩,০০০ |
| যন্ত্রপাতি | ৪২,৮০০ | ৩৫,৫০০ |
| পুঞ্জীভূত অবচয়-যন্ত্রপাতি | (১০,৫০০) | (৭,৫০০) |
| প্যাটেন্ট | ৪,৫০০ | ৫,০০০ |
| | ৬৭,৯৭৩ | ৬৭,০০০ |
| দায় ও মালিকানা স্বত্ব : | | |
| প্রদেয় হিসাব | ৪,৩৭৩ | ৩,০০০ |
| ঋণপত্র | ২৫,০০০ | ৩১,০০০ |
| শেয়ার মূলধন | ২০,০০০ | ১৫,০০০ |
| সংরক্ষিত আয় | ১৮,৬০০ | ১৮,০০০ |
| | ৬৭,৯৭৩ | ৬৭,০০০ |

অন্যান্য তথ্যাবলি: ১. নিট আয় ৩,৮০০ টাকা। ২. প্যাটেন্ট অবলোপিত হয়েছে ৫০০ টাকা। ৩. চলতি বছরের নগদ ৯,৫০০ টাকা যন্ত্রপাতি ক্রয় করা হয় এবং ১,০০০ টাকা পুস্তক মূল্যের যন্ত্রপাতি ৮১০ টাকায় বিক্রয় করা হয়, যার ক্রয়মূল্য ছিল ২,২০০ টাকা।

- (ক) অবচয় খরচের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) পরিচালন কার্যাবলি খাতে নগদ প্রবাহ নির্ণয় কর। ৪
(গ) বিনিয়োগ কার্যাবলি ও অর্থায়ন কার্যাবলি খাতে নগদ প্রবাহ নির্ণয় কর। ৪